

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ০২-০৫-২০২২

গত ৪ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (২৮-০৪-২০২২ থেকে ০১-০৫-২০২২ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে

২৮ শে এপ্রিল:

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম বর্ধমান ও মুর্শিদাবাদ জেলার দুয়েক জায়গায় তাপপ্রবাহ পরিলক্ষিত হয়েছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দক্ষিণ দিনাজপুর জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের আলিপুরদুয়ার ও কালিম্পাও জেলার দুয়েক জায়গায় অতি হালকা ধরণের বৃষ্টিপাত হয়েছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় অতি হালকা ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

২৯ শে এপ্রিল:

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া জেলার দুয়েক জায়গায় তীব্র তাপপ্রবাহ পরিলক্ষিত হয়েছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় তাপপ্রবাহ পরিলক্ষিত হয়েছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের নদীয়া জেলায় উষ্ণ রাতের পরিস্থিতি তৈরী হয়েছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার দুয়েক জায়গায় অতি হালকা ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

৩০ শে এপ্রিল:

উক্ত সময়ে নিম্নলিখিত স্থানের উপর দিয়ে দমকা ঝোড়ো হাওয়া প্রবাহিত হয়েছিল।

তারিখ	স্থান	ভারতীয় সময়	দিক	সর্বোচ্চ গতিবেগ	স্থায়িত্ব
২৯.৪.২২	মালদা	২০১০	দক্ষিণ-পশ্চিম	৪৪ কিমি/ঘন্টা	১ মিনিট

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া জেলার দুয়েক জায়গায় তাপপ্রবাহ পরিলক্ষিত হয়েছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত হয়েছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির কয়েক জায়গায় অতি হালকা ধরনের বৃষ্টিপাত হয়েছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি) :

পানাগড়-৬ ; মাথাভাঙ্গা-৫; বাগডোগরা , জলপাইগুড়ি , শিলিগুড়ি -৪; পুন্ডিবাড়ি, হাসিমাড়া, জলপাইগুড়ি, কোচবিহার -৩; বর্ধমান, তিলপাড়া বাঁধ, দোমোহানী, দার্জিলিং,আলিপুরদুয়ার , গজলডোবা, বারোভিশ, চেপন, মূর্তি, দার্জিলিং, জয়ন্তী -২,দুর্গাপুর, বাঁকুড়া , রামপুরহাট , শ্রীনিকেতন, নেওরা, খানিটার, মাজিতার, সংকলন, কাবি, শিলিগুড়ি , পেডং , বোলপুর-১

০১ লা মে :

উক্ত সময়ে নিম্নলিখিত স্থানের উপর দিয়ে দমকা ঝোড়ো হাওয়া প্রবাহিত হয়েছিল ।

তারিখ	স্থান	ভারতীয় সময়	দিক	সর্বোচ্চ গতিবেগ	স্থায়িত্ব
৩০.৪.২২	আলিপুর	১৯০৫	দক্ষিণ-পশ্চিম	৬৪ কিমি/ঘন্টা	৩৫ মিনিট
৩০.৪.২২	হলদিয়া	১৯০৭	দক্ষিণ-পশ্চিম	৩২ কিমি/ঘন্টা	২ মিনিট

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলায় শিলাবৃষ্টি হয়েছিল (ব্যাসার্ধ ১ সেমি) । গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অধিকাংশ জায়গায় হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং,কালিম্পাও,আলিপুরদুয়ার, কোচবিহার, জলপাইগুড়ি জেলাগুলির অধিকাংশ জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল ।

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশে): উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬০ থেকে ৮৪ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৫৬ থেকে ৯৪ শতাংশ।

সর্বোচ্চ তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা ২৮ শে এপ্রিল পুরুলিয়ায় ৪৪.৩ ডিগ্রি সেলসিয়াস ছিল।

পরবর্তী ৩ দিন (০৩-০৫-২০২২ থেকে ০৫-০৫-২০২২ অবধি) ভারতীয় সময় ০৮৩০ পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাস:

দিন ১ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, আলিপুরদুয়ার, কোচবিহার, জলপাইগুড়ি জেলাগুলির অধিকাংশ জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে। আগামী ৫ দিন রাজ্যের সমতলাংশে দিনের তাপমাত্রার কোনো উল্লেখযোগ্য পরিবর্তন হবেনা।

দিন ২-

পশ্চিমবঙ্গের জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে।

দিন ৩ -

পশ্চিমবঙ্গের জেলাগুলির অনেক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের খুবই সম্ভবনা আছে।

সতর্কীকরণ:

দিন ১ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির দুয়েক জায়গায় ৪০-৫০ কিমি/ঘন্টা বেগে ঝোড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের আলিপুরদুয়ার ও কোচবিহার জেলাগুলির দুয়েক জায়গায় ভারী ধরণের (৭-১১ সেমি) বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় ৫০-৬০ কিমি/ঘন্টা বেগে দমকা ঝোড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

দিন ২-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির দুয়েক জায়গায় ৪০-৫০ কিমি/ঘন্টা বেগে ঝোড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় ৫০-৬০ কিমি/ঘন্টা বেগে দমকা ঝোড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

দিন ৩ -

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় ৪০-৫০ কিমি/ঘন্টা বেগে ঝোড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষর সহ

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

০২-০৫-২০২২